

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪০৫

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - আংটির বর্ণনা

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اتَّخَذَ خَاتَمًا فَلَبِسَهُ قَالَ: «شَفَّلَنِي هَذَا عَنْكُمْ مُنْذُ الْيَوْمِ إِلَيْهِ نَظَرَةٌ وَإِلَيْكُمْ نَظَرَةٌ» ثُمَّ أَلْقَاهُ رَوَاهُ النَّسَائِيُّ

বাংলা

৪৪০৫-[২৩] 'আবদুল্লাহ ইবনু 'আবাস (রাঃ) হতে বর্ণিত। একদিন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি আংটি (মোহর) প্রস্তুত করলেন এবং তা পরলেন। পরে (সাহাবীদের উদ্দেশে) বললেনঃ এ আংটিটি আজ আমাকে তোমাদের হতে গাফিল (অমনোযোগী) করে রেখেছে। ফলে আমি কখনো আংটির দিকে তাকাই আবার কখনো তোমাদের দিকে। এ কথা বলে তিনি আংটিটি খুলে ফেললেন। (নাসায়ী)[1]

ফুটনোট

[1] সহীহ : নাসায়ী ৫২৮৯, মুসনাদে আহমাদ ২৯৬৩, সুনানুন নাসায়ী আল কুবরা ৯৫৪৩, আল মু'জামুল কাবীর লিত্ব ত্বারানী ১২২৩৮, সহীহ ইবনু হিবান ৫৪৯৩, সিলসিলাতুস্স সহীহাহ ১১৯২।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ ইমাম নাবাবী (রহিমাল্লাহ) শারহ মুসলিমে উল্লেখ করেছেন যে, রৌপ্যের আংটি পুরুষদের জন্য বৈধ- এ ব্যাপারে সকল বিদ্বানদের ঐকমত্য রয়েছে। তবে সিরিয়ার পূর্ববর্তী কতিপয় 'উলামা বাদশাহ ছাড়া অন্য কারো জন্য আংটি পরিধান করা মাকরুহ বলেছেন এবং এ দাবির স্বপক্ষে তারা একটি আসার (সাহাবীদের কথা) উল্লেখ করেছেন, যা শায (বিরল) এবং প্রত্যাখ্যাত। কেননা আনাস (রাঃ) হতে বর্ণিত, নিশ্চয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন তার হাতের আংটি ফেলে দিলেন তখন সাহাবীগণও তাদের আংটি ফেলে দিলেন। এ থেকে বুঝা যায় যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যামানাতেই সাহাবীগণ বাদশা না হয়েও আংটি পরিধান করতেন। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75129>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন